ইউক্রেনকে গোয়েন্দা সহায়তা অব্যাহত রেখেছে যুক্তরাষ্ট্র: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইউক্রেনকে যুক্তরাষ্ট্র এখনও গোয়েন্দা তথ্য সরবরাহ করছে বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে রাশিয়ার সাম্প্রতিক ক্ষেপণাস্ত্র হামলার আগে কোনো আগাম সতর্কতা পায়নি বলে জানিয়েছে কিয়েভ।

মঙ্গলবার (১৩ অক্টোবর) ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি জানান, রুশ বাহিনী কিয়েভের একটি তাপবিদ্যুৎকেন্দ্র লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। শহরটির মেয়র ভিতালি ক্লিচকোর তথ্য অনুযায়ী, আবাসিক ভবনে হামলায় দুজন নিহত হয়েছেন।

জেলেনস্কি বলেন, হামলার আগে অংশীদার দেশগুলোর কাছ থেকে কোনো সতর্কবার্তা পাওয়া যায়নি। তাঁর অভিযোগ, রাশিয়া ট্রাম্পের ঘোষিত জ্বালানি খাতের যুদ্ধবিরতি মানছে না এবং আরও ক্ষেপণাস্ত্র হামলার প্রস্তুতি নিচ্ছে।

গত রোববার ট্রাম্প রাশিয়া-ইউক্রেনের মধ্যে যুদ্ধবিরতির ঘোষণা দিলেও কোনো পক্ষই আনুষ্ঠানিকভাবে তা নিশ্চিত করেনি। এদিকে, রাশিয়ার তেল শোধনাগারে হামলা বন্ধে জেলেনস্কির ওপর চাপ দিচ্ছেন ট্রাম্প। সম্প্রতি রাশিয়ার ডিজেল রপ্তানির ওপর নিষেধাজ্ঞাও শিথিল করেছেন তিনি।